# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর শুকরিয়া আদায় করার ক্ষেত্রে উত্তম হলো শুধু মৌখিক যিকরে সীমাবদ্ধ না থেকে শুকরিয়া স্বরুপ অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমেও সৎকাজ করা

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَقُومَ فِي أَدَاءِ الشُّكْرِ لِلَّهِ جَلَّ وَعَلَا بِإِتْيَانِ الطَّاعَاتِ بِأَعْضَائِهِ دُونَ الذِّكْرِ بِاللِّسَانِ وَحْدَهُ

---

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا زِيَادُ بْنُ عِلَاقَةَ قَالَ: سَمِعْتُ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ يَقُولُ: قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى إِذَا تَوَرَّمَتْ قَدَمَاهُ فَقِيلَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ أَتَفْعَلُ هَذَا وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ وَمَا تَأَخَّرَ؟ قَالَ: (أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا)

الراوي : الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 311 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩১১. মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এতো বেশি কিয়াম করে ইবাদত করতেন যে, তাঁর পা দুটি ফুলে যেতো। তাঁকে বলা হলো: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি এতো ইবাদত করেন, অথচ আপনার আগের ও পরের সমস্ত কিছুই ক্ষমা করে দেওয়া হয়েছে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমি কি শুকরগুজার বান্দা হবো না?”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭৪৬; হুমাইদী: ৭৫৯; মুসনাদ আহমাদ: ৪/২৫১; সহীহ আল বুখারী: ৪৮৩৬; সহীহ মুসলিম: ২৮১৯; নাসাঈ: ৩/২১৯; ইবনু মাজাহ: ১৪১৯; সুনান বাইহাকী: ৩/১৬; ইবনু খুযাইমা: ১৮৩৩; তিরমিযী: ৪১২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৯৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88610

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন